

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
আলফাডাঙ্গা, ফরিদপুর।

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, আলফাডাঙ্গা, ফরিদপুর এর ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কোয়ার্টারের সভায়
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশ গ্রহণের কার্য বিবরণী:

সভাপতি : ডা: ভবেন বাইন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আলফাডাঙ্গা, ফরিদপুর।

তারিখ : ২৬/৯/২০২৩ খ্রি:

সময় : সকাল ১১.০০ ঘটিকা


স্থান: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা প্রশিক্ষণ কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট “ক” দেখানো হল।

সভার শুরুতেই সভাপতি মহোদয় ডা: ভবেন বাইন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আলফাডাঙ্গা, ফরিদপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সভাপতি মহোদয় বলেন যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে সেবা প্রদানকারী ও সেবা গ্রাহীতাদের মধ্যে গভীর সম্পর্ক স্থাপন জরুরী এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। সভায় আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে প্রদত্ত হল।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	১. খামারীদের যে সকল সমস্যা মোবাইল এর মাধ্যমে দেয়া সম্ভব সে সকল সমস্যা সমাধানের বিষয় অত্যন্ত যত্নশীল, আন্তরিক ও সতর্কতা সাথে পরামর্শ প্রদানের মতামত গ্রহণ করা হয়।	১. যে কোন খামারী তাদের প্রাণি অসুস্থ অথবা যে কোন সমস্যা হলে যথা সময়ে সঠিক পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্য বৃন্দ।
২.	২. খামারীদের প্রাণিকে সঠিক সময় টিকা প্রদান, সঠিক সময় কৃত্রিম প্রজনন সেবা প্রদানে এবং স্বাস্থ্যকর পরিবেশে প্রাণি লালন পালনের বিষয় সভায় মতামত গ্রহণ করা হয়।	২. সকল খামারীদের প্রাণিকে সঠিক সময় টিকা প্রদান, কৃত্রিম প্রজনন সেবা প্রদান এবং স্বাস্থ্য সম্মতভাবে প্রাণি পালনের পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্য বৃন্দ।
৩.	৩. প্রতি ৩ মাস অন্তর অন্তর অংশীজনের অংশ গ্রহণে সভা অনুষ্ঠিত হওয়ার মতামত গ্রহণ করা হয়।	৩. প্রতি ৩ মাস অন্তর অন্তর অংশীজনের অংশ গ্রহণে সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং কমিটির অন্যান্য সদস্য বৃন্দ।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/০৯/২৩

(ডাঃ ভবেন বাইন)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
আলফাডাঙ্গা, ফরিদপুর।